

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়ার উদ্যোগে নেতৃত্বদের মুক্তির দাবীতে প্রতিবাদ সভা

সিডনি থেকে কায়সার আহমেদ: অস্ট্রেলিয়া বিএনপি নেতৃত্ব অভিযোগ করে বলেছেন বিএনপি ও জাতীয়তাবাদী শক্তিকে বাংলাদেশ থেকে উৎখাতের ষড়যন্ত্রে আন্তর্জাতিক একটি চক্রের সহযোগিতা নিয়ে মাঠে নেমেছে অবৈধ তত্ত্বাবধায়ক সরকার বিএনপি কোনভাবেই এই চক্রান্তকে বাংলাদেশের আপামর জনসাধারণ সফল হতে দেবে না। বাংলাদেশের মানুষ এই ষড়যন্ত্র নস্যাৎ করে দেবে। এই ষড়যন্ত্রের সহযোগীদের বাংলাদেশের জনগন কখনোই ক্ষমা করবে না। বাংলাদেশের বর্তমান অগনতান্ত্রিক ও অবৈধ সরকারের সৃষ্ট পরিস্থিতির উপর ও বিএনপি নেত্রী খালেদা জিয়া, তারেক রহমান, আরাফাত রহমান কোকো সহ সকল নেতৃত্বদের মুক্তির দাবীতে ১৩ই জুলাই রোববার অস্ট্রেলিয়ার সিডনিস্থ সেন্ট পিটার্স লাইব্রেরী হলে ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি মোসলেহ উদ্দিন আরিফের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠিত প্রতিবাদ সভায় স্থানীয় নেতৃত্ব কথামূলক বক্তব্যে বলেন।

প্রধান অতিথির বক্তব্যে বিএনপি অস্ট্রেলিয়ার আহ্বায়ক দেলোয়ার হোসেন বলেন অবিলম্বে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, তাঁর দুই ছেলে তারেক রহমান, আরাফাত রহমান কোকোর নিঃশর্ত মুক্তি এবং শহীদ জিয়ার দুই ছেলেকে উন্নত চিকিৎসার জন্যে অবিলম্বে বিদেশে পাঠাতে হবে। তিনি বলেন অন্যথায় আমরা আন্তর্জাতিক পরিমন্ডলে জোরদার আন্দোলন গড়ে তুলবো।

সভায় আরো যারা উপস্থিত ছিলেন তাদের মধ্যে তারেক রহমান মুক্তি পরিষদের আহ্বায়ক সাইদা খানম আঙ্গুর, বিএনপি নেত্রী লাভলী আলম, জিয়া পরিষদ অস্ট্রেলিয়া শাখার সভাপতি কুদরত উল্লাহ লিটন, জাসাস অস্ট্রেলিয়া শাখার সভাপতি বেলাল হোসেন ঢালী, যুবদল অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক সাইফুল ইসলাম শাওন, অস্ট্রেলিয়া বিএনপির নেতা বায়েজিদ চৌধুরী, ডা. আব্দুল ওয়াহাব বকুল, হাফিজুর রহমান তারেক, আবুল হাশেম মৃধা জিলু, মনজুর মোরশেদ সারোয়ার বাবু, মোস্তাক আহমদ সাঈদ, আবুল বাশার মিলন এবং যুবদল নেতা মনিরুল হক জর্জ, জাতীয়তাবাদী ছাত্রদলের এ কে এম ফজলুল হক, সালাউদ্দিন সুমন, সাইফুল ইসলাম সুমন, শফিকুল ইসলাম, জহিরুল ইসলাম, শহিদুল ইসলাম, তোফায়েল আহমেদ, মিজানুর রহমান, মনজুর হাবিব রনি, ফারুক হোসেন, জি কে আল মনসুর সৈকত, নাসিম আহমেদ সুমন, আব্দুল হামিদ, এনামুল উল্লাহ রাসেল, রফিকুল হোসেন আবেদিন, খায়রুল কবির শান্ত, হাবিবুল হক, মোহাম্মদ নাসিরুল হক, আবুল কলাম আজাদ, ওয়াজিহার শারমিন, রোমিও অন্যতম।